দৈনিক বাংলা

তারিখ 14 FEB 1993
পৃষ্ঠা ১ কলাম ৮

৭৮

# একটি নৈরাজ্যবাদী শক্তি শিক্ষাঙ্গনে সন্ত্রাস সৃষ্টি করছে ঃ তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা রাজনীতি এবং প্রশাসনসহ জাতীয় জীবনে বিভিন্ন ক্ষেত্রে ভবিষ্যতে নেতৃত্বে যাতে শূন্যতা সৃষ্টি হতে না পারে সেজন্য শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ বজায় রাখার মাধ্যমে ছাত্রদেরকে যোগ্য নাগরিক হিসাবে গড়ে ওঠার আহ্বান জানিয়েছেন।

তিনি বলেন, আমাদের রাজনীতি হচ্ছে সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন প্রতিষ্ঠার রাজনীতি এবং জাতির ভবিষ্যত দিকনির্দেশনা ও সঠিক নেতৃত্ব দেয়ার জন্য ছাত্রদেরকে উপযুক্তভাবে গড়ে তোলার রাজনীতি।

তথ্যমন্ত্রী শনিবার তেজগাঁও কলেজ জাতীয়তাবাদী ছাত্রদল আয়োজিত সম্মেলন '৯৩ ও নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। খবর তথ্যবিবরণীর।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ছাত্রনেতা নাসিরউদ্দীন আহমেদ পিন্টু, ফজলুল হক মিলন, কামরুজ্জামান রতন, মোহাম্মদ ফেরদৌস আলম শাহীন, মোঃ আবু সুফিয়ান দুলাল এবং সৈয়দ শমসের আলম বক্তব্য রাখেন।

তথ্যমন্ত্রী বলেন, জাতীয়তাবাদী রাজনীতির প্রতি সাধারণ ছাত্রদের অকুণ্ঠ সমর্থনদানের ফলেই দেশের কলেজ,

(৭-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

**তথ্যমন্ত্রী** (প্রথম পাতার পর)

বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র সংসদে জাতীয়তাবাদী ছাত্রদলের বিজয় অগ্রযাত্রা অব্যাহত রয়েছে। তিনি আশা প্রকাশ করেন যে ছাত্রদের জাতীয়তাবাদী রাজনীতির মধ্যদিয়েই দেশের ভবিষ্যৎ রাজনৈতিক নেতৃত্ব গড়ে উঠবে। তিনি জাতীয় সমস্যাবলী নিরসনে মুক্ত আলোচনা, সেমিনার, সিম্পোজিয়াম এবং বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠান আয়োজনের উপর জোর দেন এবং শিক্ষিত জনগোষ্ঠীর অংশ হিসাবে ছাত্রদেরকে এ সকল মুক্ত আলোচনায় অংশগ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন।

তথ্যমন্ত্রী দুঃখ প্রকাশ করে বলেন, একটি নৈরাজ্যবাদী শক্তি শিক্ষাঙ্গনে সন্ত্রাস সৃষ্টির মাধ্যমে ছাত্রদের শিক্ষার সুষ্ঠু পরিবেশ কলুষিত করে জাতীয় রাজনীতিতে সক্রিয় রয়েছে। তিনি সেশনজট সমস্যা নিরসনে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে ও মহল বিশেষের সকল সন্ত্রাসী কার্যকলাপ প্রতিহত করতে ছাত্রদেরকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।